

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
অডিট শাখা
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০১০.০১.০৪৯.১৩-১১২


তারিখ: ২০/০৩/২০১৭ খ্রিষ্টাব্দ


বিষয়: অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির জন্য ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৪/০১/২০১৭ তারিখে অনুষ্ঠিত অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত ত্রৈ-মাসিক সভায় সড়ক ও জনপথ অধিদপ্তরের অধীনস্থ কার্যালয়সমূহের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা করার জন্য প্রতিটি কার্যালয় হতে অনূন্য একটি করে কার্যপত্র প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। পরবর্তীতে গত ১৫ ও ১৬ ফেব্রুয়ারি/২০১৭ তারিখে সড়ক ও জনপথ অধিদপ্তরে অনুষ্ঠিত দু-দিনব্যাপী অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত কর্মশালায় সকল কার্যালয় হতে ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র প্রেরণের জন্য উপস্থিত সকল নির্বাহী প্রকৌশলী ও বিভাগীয় হিসাবরক্ষককে অনুরোধ করা হয়েছিল। এছাড়াও সড়ক ও জনপথ অধিদপ্তরের পরিচালক (নিরীক্ষা ও হিসাব) কর্তৃক কার্যপত্র প্রেরণের অনুরোধ জানিয়ে পত্র দেয়া হয়েছে। কিন্তু এ পর্যন্ত কোন কার্যপত্র পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, সড়ক ও জনপথ অধিদপ্তর এর আওতাধীন সকল কার্যালয় হতে (নিরীক্ষাকৃত সকল জোন, সার্কেল, বিভাগ, যান্ত্রিক জোন এবং এর আওতাধীন সকল সার্কেল ও বিভাগ) হতে ন্যূনতম একটি কার্যপত্র (প্রতিটির ৩ সেট) পত্র প্রাপ্তির ৭ কার্যদিবসের মধ্যে সরাসরি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর অডিট শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অত্যন্ত জরুরি।





(মোহাম্মদ ফারুক হোসেন)

উপ-সচিব

ফোন: ৯৫৭৪৫৩৪

ই-মেইল: sasaudit@rthd.gov.bd

বিতরণ:

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), সড়ক ও জনপথ অধিদপ্তর,
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), সড়ক ও জনপথ অধিদপ্তর, সার্কেল,
- ৩। নির্বাহী প্রকৌশলী (সকল), সড়ক ও জনপথ অধিদপ্তর, বিভাগ,

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। কার্যপত্র প্রেরণের বিষয়ে সকল কার্যালয়কে যথাযথ নির্দেশনা প্রেরণের অনুরোধসহ।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৩। পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। বিষয়টি নিয়মিত তদারকির অনুরোধসহ।
- ৪। কাজী সাঈদা মমতাজ, সিস্টেম এনালিস্ট, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। পত্রটি সড়ক ও জনপথ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ এবং উল্লিখিত কর্মকর্তাদের সরকারি ই-মেইলে প্রেরণের অনুরোধসহ।
- ৫। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৬। যুগ্মসচিব (বাজেট ও অডিট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৭। অফিস কপি/মাস্টার কপি।